



পরীক্ষা নিয়ন্ত্রণ দপ্তর
জাতীয় বিশ্ববিদ্যালয়
বাংলাদেশ

স্মারক: (০-৫) জাতী:বি:/পনি/অফিস আদেশ/২০১২/০৩/২৮৭

তারিখ: ১৬/০৬/২০২১

**২০১৯-২০ শিক্ষাবর্ষের অনার্স ১ম বর্ষের শিক্ষার্থীদের শর্ত সাপেক্ষে ২য় বর্ষে Promotion সংক্রান্ত
জরুরি বিজ্ঞপ্তি**

২০১৯-২০ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী বিধিমোতাবেক ভর্তি ও রেজিস্ট্রেশন, অন-লাইনে কোর্স সম্পন্ন, ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ এবং ২০২০ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফরম পূরণ করেছে সেসব শিক্ষার্থীদের মহামারি কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় নিম্নলিখিত শর্তে ২য় বর্ষে উন্নতি ঘোষণা করা হবে। ২০১৮-১৯, ২০১৭-১৮ এবং ২০১৬-১৭ শিক্ষাবর্ষের যেসব অনিয়মিত শিক্ষার্থী ২০২০ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের জন্য ফরম পূরণ করেছে তাদের ক্ষেত্রেও এ নিয়ম প্রযোজ্য হবে। যেসব শিক্ষার্থী ২য় বর্ষে শর্তসাপেক্ষে উন্নীত হবে তাদের কলেজ ওয়ারি তালিকা অন-লাইনে স্ব-স্ব কলেজ লগইনে প্রেরণ করা হবে।

অনার্স ১ম বর্ষ থেকে অনার্স ২য় বর্ষে প্রমোশনের শর্তসমূহ:

ক) ২০১৯-২০ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০১৬-১৭, ২০১৭-১৮, ২০১৮-১৯ শিক্ষাবর্ষের অনিয়মিত শিক্ষার্থী যারা অন-লাইন বা ফেস টু ফেস কোর্স সম্পন্ন করেছে।

খ) ১ম বর্ষের সকল ইনকোর্স পরীক্ষা সম্পন্ন করেছে এবং কলেজ কর্তৃক যাদের ইনকোর্স নম্বর বিশ্ববিদ্যালয়ে প্রেরণ করা হয়েছে।

গ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২০ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের জন্য ফরম পূরণ করেছে।

ঘ) মহামারি কোভিড-১৯ পরিস্থিতির উন্নতি হলে লিখিত এবং ব্যবহারিক পরীক্ষা যথারীতি অনুষ্ঠিত হবে। পরীক্ষা রেগুলেশন অনুযায়ী লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করে কমপক্ষে ৩টি তৃতীয় কোর্সে D বা এর বেশি পেতে হবে। প্রমোশনের নীতিমালা অনুযায়ী উত্তীর্ণ (Promoted) হতে ব্যর্থ হলে এই Conditional Promotion (শর্ত সাপেক্ষে উত্তীর্ণ) বাতিল বলে গণ্য হবে।

ঙ) সকল শিক্ষার্থী উল্লিখিত শর্ত মেনে নিয়ে এই Conditional Promotion (শর্ত সাপেক্ষে উত্তীর্ণ) গ্রহণে রাজি আছে এ মর্মে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত অঙ্গীকার নামায় (কপি সংযুক্ত) স্বাক্ষর করে হাতে হাতে বা স্ক্যান কপি ইমেইলে সংশ্লিষ্ট কলেজে জমা দেবে।

চ) সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ সকল পরীক্ষার্থীর অঙ্গীকারনামা জমা নিয়ে এই সাথে সংযুক্ত (কপি সংযুক্ত) প্রত্যয়ন পত্র পূরণ করে ডাকযোগ/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আগামি ১৪/০৭/২০২১ তারিখের মধ্যে উপ-পরীক্ষা নিয়ন্ত্রক, অনার্স ১ম বর্ষ শাখা, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর-১৭০৪ এ ঠিকানায় প্রেরণ করবেন।

ছ) উপরে উল্লিখিত শর্ত সমূহ পূরণ করলে বিশ্ববিদ্যালয় হতে Conditional Promotion প্রাপ্ত পরীক্ষার্থীদের কলেজ ও বিষয় ওয়ারি তালিকা অন-লাইনে সংশ্লিষ্ট কলেজে প্রেরণ করা হবে।

জ) জাতীয় বিশ্ববিদ্যালয়ের একাডেমিক কাউন্সিল এবং সিডিকেটের অনুমোদন সাপেক্ষে এ বিধান কার্যকর বলে গণ্য হবে। এ বিধান শুধুমাত্র মহামারি কোভিড-১৯ এর কারণে বিশেষ ব্যবস্থা হিসেবে বিবেচিত হবে। এটি ভবিষ্যতে উদাহরণ হিসেবে ব্যবহার করা যাবে না।

(বদরুজ্জামান)

পরীক্ষা নিয়ন্ত্রক

জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর।

ফোনঃ ০২-৯২৯১০১৭

ইমেইলঃ controller@nu.ac.bd



জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

Website : www.nubd.info/honours

অঙ্গীকারনামা

আমি নিম্নস্বাক্ষরকারী জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিতব্য ২০২০ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে কোর্স সম্পন্ন শেষে ইনকোর্স পরীক্ষায় অংশগ্রহণ করে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফরম পূরণ করেছি। জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত মোতাবেক আমি সকল শর্ত মেনে নিয়ে অনার্স ২য় বর্ষে শর্ত সাপেক্ষে প্রমোশন নিতে সম্মত আছি। আমি পরবর্তিতে বিশ্ববিদ্যালয়ে ঘোষিত সময়সূচী অনুযায়ী সকল পরীক্ষায় অংশগ্রহণ করবো এবং পরীক্ষা রেগুলেশন অনুযায়ী প্রমোটেড হতে ব্যর্থ হলে আমার শর্ত সাপেক্ষে প্রদত্ত প্রমোশন বাতিল হবে এবং তাতে আমার কোনো আপত্তি থাকবে না।

পরীক্ষার্থীর নাম, স্বাক্ষর ও তারিখ	:	
পিতার নাম	:	
মাতার নাম	:	
রেজিস্ট্রেশন নং	:	
কলেজ কোড	:	
শিক্ষাবর্ষ	:	
কলেজের নাম	:	



জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

Website : www.nubd.info/honours

প্রত্যয়নপত্র

বিষয় : ২০২০ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় পরীক্ষার্থীদের ২য় বর্ষে প্রমোশন প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিতব্য ২০২০ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার নিয়মিত/অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে সংশ্লিষ্ট কলেজ থেকে জন পরীক্ষার্থী পরীক্ষা রেগুলেশন অনুযায়ী সকল কোর্স সম্পন্ন করে পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন ফরম পূরণ করেছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের সিদ্ধান্ত মোতাবেক তাদের শর্তসাপেক্ষে অনার্স ২য় বর্ষে প্রমোশন দেয়ার জন্য বিনীত অনুরোধ করছি।

বিঃ দ্রঃ ২০২০ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ২য় বর্ষে শর্তসাপেক্ষে **Promotion** সংক্রান্ত অঙ্গীকারনামা অত্র কলেজে সংরক্ষিত আছে।

স্বাক্ষর ও তারিখ

নাম

অধ্যক্ষ কলেজ

কলেজ কোড: